


১০. সমাজ বা রাষ্ট্র বিরোধী কাজে লিপ্ত কোন যুব এ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।
১১. ক্ষেত্র বিশেষে যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ড বা উপযুক্ত কর্তৃপক্ষ পুরস্কারের পরিমাণ ও সংখ্যা হাস-বৃদ্ধি করতে পারবে।
১২. পুরস্কার প্রদানের বিষয়টি সম্পূর্ণ যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ডের এখতিয়ারভুক্ত হওয়ায় এ বিষয়ে বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য করা হবে।

২। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ওয়েবসাইট ([www.moysports.gov.bd](http://www.moysports.gov.bd)) এর অভ্যন্তরীণ ই-সেবার আওতাভুক্ত শেখ হাসিনা ইমুথ ডেভেলপমেন্ট অ্যাওয়ার্ড-লিংকে ক্লিক করে নির্ধারিত আবেদনপত্র সংগ্রহপূর্বক তা যথাযথভাবে পূরণ করে এসসে অনুচ্ছেদভিত্তিক চাহিত তথ্যাদি সংযুক্ত করে আবেদনের হার্ডকপি আগামী ১০ এপ্রিল, ২০২২ খ্রিস্টাব্দ (২৭ টেত্র, ১৪২৮ বঙ্গাব্দ) তারিখের মধ্যে অবশ্যই নির্ধারিত স্থানে (শর্তাবলির ৩ নং অনুচ্ছেদ অনুযায়ী) সরাসরি দাখিল করতে হবে। উল্লেখ্য, নির্ধারিত তারিখের পর কোন আবেদন বিবেচিত হবে না।

৩। আবেদনের সাথে যথাযথ প্রমাণক ( ছবি, ভিডিও, সিডি/পেনড্রাইভ ও অন্যান্য তথ্যাদি ) দাখিল করতে হবে।

৪। নির্ধারিত আবেদনের 'ছক' ব্যতিত অন্য কোন 'ছক'- এ আবেদন গ্রহণযোগ্য হবে না।

৫। ক্ষেত্রে বিশেষে এ বিষয়ে যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা কার্যালয়ের উপপরিচালক ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাদের (মেট্রোপলিটন ইউনিট থানা যুব উন্নয়ন কর্মকর্তাসহ) সহযোগিতা নেয়া যেতে পারে।

  
১০.০৬.২০২২  
ডা. মোঃ জাহিরুল ইসলাম  
উপসচিব  
ফোন : ৯৫১৩৩০৯